মুজিবনগরে এএসসি পরিক্ষার্থীদের বাড়িতে ইউএনও

মুজিবনগরে আসন্ন এসএসসি, দাখিল ও সমমান পরীক্ষা উপলক্ষে শিক্ষার্থীদের খোঁজখবর নিতে এবং তাদের পড়াশোনার অগ্রগতির খোঁজখবর নিতে শিক্ষার্থীদের বাড়ি পরিদর্শন করেছেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার পলাশ মন্ডল।

এ সময় তিনি শিক্ষার্থীদের অভিভাবকদের সাথে কথা বলেন এবং তাদের সন্তানদেরকে পড়াশোনা করার জন্য উৎসাহ প্রদান করতে বলেন।

নির্বাহী অফিসার বলেন, আপনারা হলেন আপনার সন্তানদের আদর্শ শিক্ষক আপনারা যদি সন্তানদের পড়াশোনার প্রতি অবহেলা করেন তাহলে আপনার সন্তানরা কখনোই ভালো রেজাল্ট করতে পারবে না। তাই আপনারা আপনাদের সন্তানদের প্রতি যত্নশীল হবেন। তাদেরকে পড়াশোনার সময় মোবাইল ব্যবহার করতে দিবেন না অযথা বাইরে ঘোরাঘুরি করতেন দিবেন না। সবসময় সন্তানদের চলাফেরার পথে নজর রাখবেন আর তাদেরকে উৎসাহিত করবেন।

তিনি শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন তোমরা জাতির ভবিষ্যৎ তোমরা শিক্ষিত হলে জাতি শিক্ষিত হবে। একটি আদর্শ সমাজ গঠন সহজ হবে। তুমি যদি ভালো রেজাল্ট করো তোমার পিতা মাতার মর্যাদা বাড়বে তোমার স্কুল এবং স্কুলের শিক্ষকদের সম্মান এবং মর্যাদা বাড়বে। তাই কয়েক দিন সময় আছে তোমরা ভালো করে পড়াশোনা করো এবং ভালো রেজাল্ট করো এই প্রত্যাশা আমি করি তোমাদের চলার পথে কোন সমস্যা হলে তোমার শিক্ষকদের মাধ্যমে আমার কাছে বলবে। আমি সবসময় তোমাদের পাশে আছি। যে কোন প্রয়োজনে আমার কাছে আসবে আমি তোমাদের প্রয়োজন মিটানোর চেষ্টা করব।

এ সময় তিনি এসএসসি পরীক্ষার্থী শিক্ষার্থীদের উপজেলা প্রশাসনের পক্ষ থেকে কিছু উপহার সামগ্রী প্রদান করেন।

এ সময় নির্বাহী অফিসারের সাথে উপস্থিত ছিলেন, মুজিবনগর উপজেলা শিক্ষা অফিসার মামুন উদ্দিন আল আজাদ, গোপালনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক জহুরুল ইসলাম।

[redacted]

[redacted]

বলেন, ‘তাৎক্ষণিকভাবে অভিযোগের প্রমাণ পাওয়ায় ভুয়া পরীক্ষার্থীকে জেল-জরিমানা করা হয়েছে। আর যিনি প্রকৃত পরীক্ষার্থী তাকেও শনাক্ত করা হয়েছে। তার ব্যাপারে পরবর্তী পদক্ষেপ কলেজ কৃতর্পক্ষ নেবে।’

চুয়াডাঙ্গা সরকারি আদর্শ মহিলা কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ সহযোগী অধ্যাপক মামুন অর রশিদ বলেন, অনার্স শেষ বর্ষের পরীক্ষায় ২১৫ নম্বর কক্ষে ইতিহাস বিভাগের শহীদুজ্জামান নামের এক পরীক্ষার্থীর পক্ষে শামীম আহম্মেদ তুষার নামে একজন প্রক্সি দিচ্ছিলেন। নির্বাহী ম্যাজিস্ট্রেট পরীক্ষা চলাকালে তাকে শনাক্ত করেন। এবং ভ্রাম্যমাণ আদালতে তাকে এক বছরের সাজা প্রদান করেন। ইতোমধ্যে আমরা কলেজ কর্তৃপক্ষ মূল পরীক্ষার্থীকে বহিষ্কার করেছি। এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় কাগজপত্র প্রেরণ করেছি।

মেহেরপুরে অংশ নিচ্ছে ৮ হাজার ৯০৯ পরিক্ষার্থী

চলতি বছরের এসএসসি ও সমমানের পরীক্ষা আজ রবিবার (৩০ এপ্রিল) শুরু হচ্ছে । এবার মেহেরপুর জেলার ১৫০ টি শিক্ষা প্রতিষ্ঠানের ৮ হাজার ৯০৯ জন পরীক্ষার্থী অংশ নেবে। এদের মধ্যে জেনারেল শাখায় ৭ হাজার ৩৬২ জন, কারীগরি শাখায় (ভোকেশনাল) ৯০৫ জন ও মাদ্রাসা বোর্ডের আওতায় দাখিল শাখায় ৬৪২ জন পরীক্ষার্থী অংশ নেবে।

জেলার তিনটি উপজেলায় জেনারেল শাখার জন্য ১৩টি কেন্দ্র, কারিগরী শাখা (ভোকেশনাল) ৪ টি ও মাদ্রাসা শিক্ষার্থীদের জন্য ২ টি পরীক্ষা কেন্দ্র নির্ধারণ করা হয়েছে।

মেহেরপুর জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মো: আব্বাস উদ্দীন এই তথ্য নিশ্চিত করেছেন।

জেলার জেনারেল শাখার কেন্দ্রগুলোর মধ্যে রয়েছে মেহেরপুর সরকারি মাধ্যমিক বালক উচ্চ বিদ্যালয় কেন্দ্র, মেহেরপুর সরকারি মাধ্যমিক